

তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বাপন উপলক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী :

সভাপতি : প্রফেসর কাজী ফারুক আহাম্মদ  
 অধ্যক্ষ, গফরগাঁও সরকারী কলেজ, গফরগাঁও, ময়মনসিংহ  
 সভার স্থান : অধ্যক্ষের কার্যালয়, গফরগাঁও সরকারী কলেজ, গফরগাঁও, ময়মনসিংহ  
 তারিখ : ০৭ জানুয়ারী ২০২৫ খ্রি.  
 সময় : বেলা : ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা: পরিশিষ্ট "ক"

শুরুতেই জুলাই বিপ্লবকে অর্থবহ করতে তারুণ্যের প্রতীক ৩৬ জুলাইকে সকলের মাঝে স্মরণ করে সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বাপন সংক্রান্ত পরিপত্র পাঠ করে শুনান। এবারের প্রতিপাদ্য বিষয় "এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই"। বিস্তারিত আলোচনা শেষে জুলাই বিপ্লবকে অর্থবহ করতে তারুণ্যের প্রতীক ৩৬ জুলাইকে সকলের মাঝে তুলে ধরার কার্যক্রম সফল রূপায়নে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমঃ	গৃহীত কার্যক্রম	বাস্তবায়নের সময়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম	সারা বছর ব্যাপী প্রতিটি গ্রুপে ১দিন করে সপ্তাহে ৫দিন	প্রতিষ্ঠান শ্রেণি শিক্ষকগণের মাধ্যমে শিক্ষার্থীদের নিয়ে গ্রুপ তৈরি করবেন এবং শিক্ষার্থীদের বিভিন্ন গ্রুপে ভাগ করে প্রতিটি গ্রুপকে শ্রেণিকক্ষসহ প্রতিষ্ঠান প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করবেন। গ্রুপ ভিত্তিক ক্যালেন্ডার প্রস্তুত করে দৃশ্যমান স্থানে প্রদর্শন করবেন।	
০২	জুলাই বিপ্লবকে অর্থবহ করতে তারুণ্যের প্রতীক ৩৬ জুলাইকে সকলের মাঝে তুলে ধরার কার্যক্রম	জানুয়ারির ১ম সপ্তাহ	শিক্ষা প্রতিষ্ঠানে তারুণ্য মেলা সম্পর্কিত ব্যানার প্রদর্শন	স্ব স্ব প্রতিষ্ঠান
		জানুয়ারির ২য় সপ্তাহ ৮-১৫ জানুয়ারী পর্যন্ত সময় ১১.০০ টা থেকে ০২.০০ ঘটিকা পর্যন্ত	শিক্ষার্থীদের উদ্ভাবনী শক্তিকে প্রদর্শনের জন্য স্টলের ব্যবস্থা করণ ও স্থানীয় ঐতিহ্য, সাহিত্য ও সংস্কৃতি তুলে ধরে প্রতিষ্ঠানে ৩ দিন ব্যাপী ৩৬ জুলাই বিপ্লব কেন্দ্রিক সাংস্কৃতিক অনুষ্ঠান : ছড়া, গান ও আবৃত্তি মেলা : চিত্রাঙ্কণ ও ফটোগ্রাফি	
		জানুয়ারি ৩য় সপ্তাহ	জুলাই বিপ্লবের আহত/আহত পরিবারের সদস্যদের/শহীদ পরিবারের সদস্যদের আমন্ত্রণ জানিয়ে আলোচনা অনুষ্ঠান আয়োজন করবে।	
০৩	উদ্ভাবন ও উদ্যোক্তা বিষয়ক কার্যক্রম	জানুয়ারির ৪র্থ সপ্তাহ	প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা থাকলে তাদের পাশাপাশি স্থানীয় সফল উদ্যোক্তাদের আমন্ত্রণ জানিয়ে উদ্যোক্তা ও সোশাল বিজনেস পরিচালনায় আলোচনা সভার আয়োজন করবে।	
০৪	পরিবেশ সুরক্ষা সংক্রান্ত কার্যক্রম	ফেব্রুয়ারির ১ম সপ্তাহে সুবিধাজনক সময়ে	প্লাস্টিক ও পলিথিন বর্জন এবং পরিবেশ সুরক্ষা সংক্রান্ত বিষয়ে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবক এবং	


			স্থানীয়ভাবে পরিবেশ সুরক্ষার বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিদের নিয়ে আলোচনা সভার আয়োজন করবে।	
--	--	--	---	--

শিক্ষা প্রতিষ্ঠান কার্যকর পরিকল্পনা গ্রহণ করে উপজেলা কমিটিকে অবহিত করবে।

উপজেলা কমিটি শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম মনিটরিং করবেন ও কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষনের জন্য তাৎক্ষণিক মনিটরিং করবেন।

তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন ও বাস্তবায়নের লক্ষ্যে প্রত্যেক প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষিকাগণের সমন্বয়ে উপ-কমিটি গঠন করবেন।

নির্ধারিত বিষয় সমূহ আলোচনান্তে সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
০৭/০১/২৫

(প্রফেসর কাজী ফারুক আহাম্মদ)

অধ্যক্ষ

গফরগাঁও সরকারি কলেজ, গফরগাঁও, ময়মনসিংহ

ও

আহবায়ক

তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত কর্মসূচী

বাস্তবায়ন উপজেলা কমিটি


গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং উমাশিঅ/ গফর/ময়মন/২০২৫/ ১২

তারিখ : ০৭/০১/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো। ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ) :

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৮। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক ..... গফরগাঁও, ময়মনসিংহ।
- ৯। সংরক্ষণ নথি।

  
০৭.০১.২০২৫  
( মো. মোফাখারুল ইসলাম )

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত কর্মসূচী

বাস্তবায়ন উপজেলা কমিটি

গফরগাঁও, ময়মনসিংহ।